# তরুণদের ব্যবসা-বাণিজ্যে যুক্ত হওয়ার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

তরুণদের ব্যবসা-বাণিজ্যে আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। একই সঙ্গে বিকল্প জ্বালানি ব্যবস্থা গড়ে তুলতে ব্যবসায়ীদের উদ্যোগী হওয়ার এবং ব্যাংক ঋণের সুদের হার কমানোর ওপর গুরুত্ব দেন তিনি।

সোমবার (৫ অক্টোবর) বঙ্গভবনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদের নেতৃত্বে ২১ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে রাষ্ট্রপতি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, চতুর্থ শিল্প বিপ্লব, ডিজিটাল রূপান্তর ও কৃত্রিম বুদ্ধিমত্তাসহ নতুন প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে চলতে তরুণ উদ্যোক্তাদের এগিয়ে আনা প্রয়োজন।

ব্যবসা-বাণিজ্যের প্রসারে ব্যাংক ঋণের সুদের হার কমানোর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময়ের স্বল্প সুদের ঋণের উদাহরণ দেন। তার মতে, ওই উদ্যোগের ফলে রাজশাহী ও উত্তরাঞ্চলের মতো পিছিয়ে থাকা এলাকায় শিল্পায়ন ও নতুন উদ্যোক্তা তৈরির সুযোগ তৈরি হয়েছিল। গড়ে উঠেছিল নতুন কলকারখানা ও ব্যবসাপ্রতিষ্ঠান, যা সে সময় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।

LENS ASIA